

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৫৮. গৃহপালিত গাধার গোস্ত খাওয়া

গৃহপালিত গাধার গোস্ত খাওয়া হারাম। আনাস (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন:

لَمَّا فَتَحَ رَسُوْلُ اللهِ خَيْبَرَ أَصَبْنَا حُمُرًا خَارِجَ الْقَرْيَةِ، فَطَبَخْنَا مِنْهَا، فَنَادَى مُنَادِيْ رَسُوْلِ اللهِ : أَلَا إِنَّ اللهَ وَرَسُوْلَهُ يَنْهَا، فَإِنَّهَا لَتَفُوْرُ بِمَا فِيْهَا، وَإِنَّهَا لَتَفُوْرُ بِمَا فِيْهَا.

"যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাইবার বিজয় করলেন তখন আমরা জনবসতির বাইরে কিছু গাধা পেয়ে যাই। আমরা তা যবাই করে কিছু পাকিয়ে ফেললাম। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পক্ষথেকে জনৈক ঘোষণাকারী ঘোষণা করেন: তোমরা জেনে রাখো, আল্লাহ্ তা'আলা এবং তদীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে গাধার গোস্ত খেতে নিষেধ করছেন। কারণ, তা নাপাক এবং শয়তানের কাজ। তখন সবগুলো পাতিল গোস্তসহ উবু করে ফেলা হয়; অথচ তখনো পাতিলগুলো গোস্তসহ উথলে উঠছিলো"। (মুসলিম ১৯৪০)

উক্ত হাদীসে সাহাবায়ে কিরাম (রাঃ) যে কতো দ্রুত আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর বাণীসমূহ আমলে বাস্তবায়িত করতেন তা খুব সহজেই প্রতীয়মান হয়; অথচ তাঁরা ছিলেন তখন খুবই ক্ষুধার্ত।

'আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ عَنْ أَكْلِ الْحِمَارِ الْأَهْلِيِّ يَوْمَ خَيْبَرَ، وَكَانَ النَّاسُ احْتَاجُوْا إِلَيْهَا.

''রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম খাইবারের দিন গৃহপালিত গাধা খেতে নিষেধ করেছেন; অথচ তা তখন সবারই খাওয়ার প্রয়োজন ছিলো''। (মুসলিম ৫৬১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6834

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন